



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ০৫২/লক্ষীপুর-৪৭

তারিখ: ০৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন হযরত শাহ মিরান (রহ:) আলিম মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের মাসিক সরকারি বেতন ভাতাদি প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) জনতা ব্যাংক লিমিটেড স্মারক নং-তামুমু/রামগঞ্জ//শাহ মিরান/২০২১; তারিখ: ২৮/০২/২০২১ খ্রি.

(২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক স্মারক নং: ৩৭.১৬.০০০০.০০৯.৯৯.০০৫.১৮.৩৪; তারিখ: ১৪/০৫/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন হযরত শাহ মিরান (রহ:) আলিম মাদ্রাসার শিক্ষক কর্মচারীদের মাসিক সরকারি বেতন ভাতাদি প্রদানের ক্ষেত্রে নীতিমালা অনুসরণ বিষয়ে জনতা ব্যাংক লিমিটেড, রামগঞ্জ শাখা কর্তৃক সূত্রোক্ত ০১ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর অনুচ্ছেদ ১৭.৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান এমপিও বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটি/সভাপতির অবর্তমানে অথবা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটির মধ্যে সৃষ্ট মতপার্থক্যের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে এমপিও উত্তোলনের ক্ষেত্রে জটিলতা তৈরি হলে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন মর্মে বিধান আছে একইসাথে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্রের প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারকে উক্ত এমপিও নীতিমালা-২০১৮ এর সাথে মিল রেখে পত্র জারি করা হয়েছে।

বর্ণিত অবস্থায় শিক্ষক কর্মচারীদের মাসিক সরকারি বেতন ভাতাদি প্রদানের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনে সর্বশেষ এমপিও নীতিমালায় এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্রের প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারকে জারিকৃত পত্রানুযায়ী নির্দেশনা পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


সংযুক্তি: বর্ণনা মোতাবেক..... পাতা

ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড,
রামগঞ্জ শাখা, লক্ষীপুর;


২৯.০৬.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


২৯/০৬/২০২১

নং-বামাশিবো/প্রশাসন/ ০৫২/লক্ষীপুর-৪৭

তারিখ: ০৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৯ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, লক্ষীপুর;
২. জেলা শিক্ষা অফিসার, লক্ষীপুর;
৩. উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষীপুর;
৪. অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, হযরত শাহ মিরান (রহ:) আলিম মাদ্রাসা, রামগঞ্জ, লক্ষীপুর;
৫. পি ও টু চেয়ারম্যান, পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২৯/৩/২১

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd


২৯/০৬/২০২১